

একাডেমিক স্থবিরতা কাটিয়ে উঠছে ঢাবি

■ মাসুম বিল্লাহ

হরতাল-অবরোধের যতো সহিংস রাজনৈতিক কর্মসূচির কারণে স্টুট একাডেমিক স্থবিরতা কাটিয়ে উঠছে ঢাকা বিশ্ববিদ্যালয়। হরতাল-অবরোধে বিশ্ববিদ্যালয়ে ক্লাস নেওয়ার ক্ষেত্রে বিয় ঘটপেও পরীক্ষাতলো নিয়মিত হয়েছে। কিছু ক্ষেত্রে দেখা গেছে, ক্লাস হয়েছে খুব কম, ডবুও সমাপনী পরীক্ষাতলো নেওয়া হয়েছে। দেশে স্থিতিশীলতা ফেরার পর এখন ক্লাস-পরীক্ষা চলছে পুরোদমে। একাডেমিক কার্যক্রমে যে ক্ষতি হয়েছে, তা পুথিয়ে নেওয়ার চেষ্টা চলছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সহিদ আকতার হুসাইন সমকালকে বলেন, ক্লাস নেওয়ার ক্ষেত্রে কিছুটা বিয় ছিল। আমরা সে ক্ষতি পুথিয়ে নেওয়ার চেষ্টা করছি। কোর্স শিক্ষকরা যদি মনে করেন অতিরিক্ত ক্লাস দরকার, তাহলে ওরু ও শনিবার বন্ধের দিনেও ক্লাস নিতে পারেন। তিনি বলেন, পরীক্ষা ক্রটিন অনুযায়ীই অনুষ্ঠিত হয়েছে। এ কারণে সেশনজট নিয়ে চিন্তা করতে হচ্ছে না।

প্রতি বছর ডিসেম্বরের শেষ ১৫ দিন শীতকালীন ছুটির পরপরই ক্লাস শুরু হয়। এবার শুরু হয়েছে দুই-তিন সপ্তাহ পর। অবরোধের সময় কম ক্লাস নিয়ে পরীক্ষা অনুষ্ঠানের ঘটনাও ঘটেছে কিছু বিভাগে। এখন সব বিভাগের ক্লাস-পরীক্ষা পুরোদমে চলছে। শিক্ষার্থীদের পদচারণায় মুখর থাকছে পুরো ক্যাম্পাস।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স আন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মাস্টার্সের এক শিক্ষার্থী সমকালকে জানান, তাদের চতুর্থ বর্ষের সমাপনী পরীক্ষা শেষ হয়েছে গত রমজান মাসে। যার ফল প্রকাশিত হয় অক্টোবরে। ফল প্রকাশ ও ভর্তির পরপর মাস্টার্সের ক্লাস শুরু হয়। পৃষ্ঠা ১১: কলাম ৫

একাডেমিক স্থবিরতা

[তৃতীয় পৃষ্ঠার পর]

কথা থাকলেও তা শুরু হয়েছে ১৯ জানুয়ারি। এখন ক্লাস পুরোদমেই চলছে। তিনি আরও জানান, বিভাগের অন্যান্য ব্যাচের শিক্ষার্থীদের সেমিস্টার সমাপনী পরীক্ষা ডিসেম্বরে সম্পন্ন হওয়ার কথা থাকলেও সেসব পরীক্ষা শুরু হচ্ছে ৬ ফেব্রুয়ারি থেকে।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্সের এক শিক্ষার্থী বলেন, মাস্টার্স প্রথম সেমিস্টারের সমাপনী পরীক্ষা শেষ হয়ে নভেম্বরে ক্লাস শুরু হয়। কয়েকটি ক্লাস হওয়ার পরই বন্ধ হয়ে যায়। সপ্তাহখানেক আগে শুরু হয়ে এখন ক্লাস চলছে নিয়মিত। বিভিন্ন কোর্সে কয়েকটি ক্লাস নিয়েই চতুর্থ সেমিস্টারের সমাপনী পরীক্ষা সম্পন্ন হয়েছে বলে জানান পঞ্চম সেমিস্টারের এক শিক্ষার্থী।

লাগাতার অবরোধের কারণে ব্যবসায় শিক্ষা অনুষদে বিভিন্ন বিভাগের নভেম্বর ও ডিসেম্বরে অনুষ্ঠিতবা পরীক্ষা স্থগিত করা হয়েছিল। অবরোধ শেষে সেগুলো অনুষ্ঠিত হয়েছে।

ইসলামিক স্টাডিজ বিভাগে মাস্টার্সের এক শিক্ষার্থী বলেন, দ্রুততম সময়ের মধ্যে ক্লাস শেষ করে দিয়ে প্রথম সেমিস্টারের সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কিছু কোর্সে ঘটগুলো ক্লাস হওয়ার কথা তা হয়নি।